

জনাব এস.এম. মনিরুজ্জামান বরিশাল জেলায় ৩১/১২/১৯৬৭ খ্রি. তারিখ সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম শেখ মো: আ: করিম ও মাতার নাম মরহুমা রোকেয়া বেগম। তিনি গৈলা উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি এবং ঢাকা গভ: কমার্স কলেজ হতে এইচ. এস. সি. সম্পন্ন করে ১৯৯২ খ্রি. ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ থেকে স্নাতকোত্তর ডিগ্রি (এম.এ) অর্জন করেন।

তিনি ১৬/১২/১৯৯২ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা (২য় শ্রেণি) হিসেবে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি ২০ বছর মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ভারত, চীন, সিংগাপুর, মালয়েশিয়া, ফিলিপাইন, মায়ানমার ও সৌদি আরব ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ২ (দুই) পুত্র সন্তানের জনক।

তিনি সহকারী সচিব হিসেবে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে দায়িত্ব পালন করেন। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পূর্বে তিনি বস্ত্র ও পাট, ডাক ও টেলিযোগাযোগ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত ছিলেন। বিগত ২০১৬ খ্রি. হতে তিনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে কর্মরত রয়েছেন।